**◊জেলা সৃষ্টির ইতিহাসঃ**

বাংলাদেশের রাজধানী ঢাকা মোঘল-পূর্ব যুগে কিছু গুরুত্বধারন করলেও শহরটি ইতিহাসে প্রসিদ্ধি লাভ করে মোঘল যুগে। মুসলিম পূর্ব যুগে বর্তমান ঢাকা জেলা 'বঙ্গ' নামে পরিচিত প্রশাসনিক অঞ্চলের অন্তর্ভূক্ত ছিল। এর কিয়দংশ কখনো কখনো সমতট এবং কখনো কখনো হরিকল নামে পরিচিত ছিল। এয়োদশ শতাব্দীর প্রারম্ভে ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খিলজী বঙ্গ দেশে সেন রাজত্বের অবসান ঘটিয়ে মুসলিম রাজত্বের সূচনা করেন।

মোঘল যুগের পূর্বে বাংলার হিন্দু ও মুসলিম শাসকেরা ঢাকার চারিদিকের বিভিন্ন অবস্থানে তাদের রাজধানী প্রতিষ্ঠা করেছিলেন। এসব রাজধানী নগরীর কয়েকটি নিদর্শন এখনো বিক্রমপুর, ভাওয়াল ও সোনারগাঁওয়ে দেখা যায়। ১৫৭৫ সালে মোঘলরা পাঠান সুলতানের কাছ থেকে বাংলার শাসনভার ছিনিয়ে নিলেও তাদেরকে বাংলার ভূস্বামী বা ভূইয়াদেরকে নিয়ন্ত্রণে রাখবার জন্য যথেষ্ঠ বেগ পেতে হয়।

১৬১০ খ্রিষ্টাব্দে মোঘল সুবেদার ইসলাম খান ঢাকায় রাজধানী স্থানান্তর করেন এবং মুঘল সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকাকে জাহাঙ্গীরনগর নামকরণ করেন। ব্যক্তিগত ও রাজনৈতিক কারণে শাহজাদা সুজা ১৬৫০ সালে রাজধানী ঢাকা থেকে রাজমহলে স্থানান্তর করেন। ১৬৬০ সালে সুজার পতন হলে মীর জুমলা আবার ঢাকাকে রাজধানীর মর্জাদা দান করেন। অনেক বছর ঢাকা রাজধানী হিসেবে পরাচালিত হওয়ার পর মুর্শিদকুলি খান তার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন।

১৭৫৭ সালে বাংলার নওয়াবদের রাজনৈতিক ক্ষমতার পতন এবং ইস্ট ইন্ডিয়া কোম্পানির উত্থান আঠারো শতকের শেষভাগে ঢাকার প্রশাসনিক গুরুত্বকে ম্লান করে দেয়। উপরন্তু, ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাণিজ্যিক ও উৎপাদন নীতি নগরীর আর্থিক ভিত্তিকে ধ্বংস করে দেয়।

উন্নয়নের নতুন ধারা এবং সমৃদ্ধির নতুন যুগের সূত্রপাতের মাধ্যমে ১৮৪০- এর দশক নগর ইতিহাসে নতুন এক অধ্যায়ের সূচনা করে। নগর উন্নয়নের এ যাত্রা তখন থেকেই অব্যাহতভাবে চলতে থাকে। প্রশাসনিক ক্রমবৃদ্ধি ইতঃপূর্বে ঢাকা জেলা প্রশাসনের কেন্দ্র ছিল। এটি ১৮২৯ সালে ঢাকা বিভাগ নামে একটি বৃহৎ বিভাগের সদর দফতরে পরিণত হয়। এরপর ঢাকার প্রশাসনিক গুরুত্ব বৃদ্ধি পেতে থাকে এবং ১৮৮৫ সালের মধ্যে বঙ্গপ্রদেশে কলকাতার পরে ঢাকা নগরীকে সর্ববৃহৎ বেসামরিক কেন্দ্র হিসেবে গড়ে তোলা হয়।

১৯০৫-১১ সালের দিকে ঢাকার প্রশাসনিক গুরুত্ব নাটকীয়ভাবে আরও বৃদ্ধি পায় যখন এটিকে পূর্ব বাংলা ও আসাম নামে নতুন প্রদেশের রাজধানী করা হয়। একটি হাইকোর্ট এবং একটি সচিবালয়সহ একজন লেফটেন্যান্ট গভর্নর নিযুক্ত করা হয়। ১৯৪৭ সালে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের অবসান এবং স্বাধীন পাকিস্তান রাষ্ট্রের প্রতিষ্ঠার পর পূর্ব বাংলা নামে নতুন প্রদেশের রাজধানী হওয়ায় ঢাকার উথানে অধিকতর স্থায়ী উন্নয়ন সাধিত হয়। এ সময় হতে ঢাকা শুধু এ নতুন প্রদেশের প্রশাসনিক সদর দফতরই ছিল না বরং এখানে আইন পরিষদ এবং জাতীয় সংসদের অধিবেশন বসত।

অনেক সংগ্রাম, ত্যাগ এবং রক্তের বিনিময়ে নয়মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ চূড়ান্ত বিজয় অর্জন করে। একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের রাজধানী হিসেবে ঢাকা রাজনৈতিক , প্রশাসনিক কার্যকলাপ এবং অর্থনৈতিক, সামাজিক, শিক্ষা ও সাংস্কৃতিক কার্যক্রমের সর্বাধিক গুরুত্বপূর্ণ কেন্দ্ররূপে মর্যাদা লাভ করে।

**◊জেলার নামকরণঃ**

রাজা বল্লাল সেন নির্মিত ঢাকেশ্বরী মন্দির নামের ঢাকা+ঈশ্বরী থেকে "ঢাকা" শব্দের উৎপত্তি। ইংরেজী নাম Dhaka, ১৯৮২ সালের পূর্বে ছিল Dacca।

**◊ভৌগৌলিক অবস্থানঃ**

- অবস্থান: ভৌগোলিকভাবে ঢাকা বাংলাদেশের মধ্যভাগে বুড়িগঙ্গা নদীর উত্তর তীরে একটি সমতল এলাকাতে অবস্থিত।
- আয়তন: ঢাকা জেলার আয়তন ১৪৬৩.৬০ বর্গ কিলোমিটার (৫৬৫ বর্গমাইল)।
- সীমানা: ২৩°৫৩” থেকে ২৪°০৬” উত্তর অক্ষাংশ এবং ৯০°০১” থেকে ৯০°৩৭” পূর্ব দ্রাঘিমাংশ।
- সীমান্তবর্তী জেলা: মানিকগঞ্জ, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, ফরিদপুর ও মুন্সিগঞ্জ।
- ভূপ্রকৃতি: ঢাকা বুড়িগঙ্গা নদীর তীরে এক গাঙ্গেয় সমতল ভূমিতে অবস্থিত । এ জেলায় কোনো পাহাড় নেই । বর্ষাকালে ও প্রাকৃতিক দূরযুগের সময় ঢাকায় প্রায়শই বন্যা দেখা দেয় ।
- প্রধান নদ-নদী: বুড়িগঙ্গা, শীতলক্ষা, বংশী, ধলেশ্বরী, তুরাগ, বালু।
- জলবায়ু: ঢাকার জলবায়ু প্রধানত উষ্ণ, বর্ষণমুখর এবং আর্দ্র গ্রীষ্মমন্ডলীয়। এখানে বার্ষিক গড় তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস (৭৭ ডিগ্রি ফারেনহাইট) এবং জানুয়ারী থেকে এপ্রিল মাসের মধ্যে তাপমাত্রা ১৮ ডিগ্রি সেলসিয়াস (৬৪ ডিগ্রি ফারেনহাইট) থেকে ২৯ ডিগ্রি সেলসিয়াস (৮৪ ডিগ্রি ফারেনহাইট)-এর মধ্যে থাকে। মে থেকে অক্টোবর মাসের মধ্যে গড়ে প্রায় ১,৮৫৪ মিলিমিটার (৭৩.০ ইঞ্চি) বৃষ্টিপাত হয়ে থাকে, যা সারাবছরের মোট বৃষ্টিপাতের প্রায় ৮৭%।
- জীববৈচিত্র:

**◊প্রশাসনিক তথ্যঃ**

- জনসংখ্যা: ২০১২ সালের আদমশুমারি সংশোধিত পরিসংখ্যান অনুসারে জেলার জনসংখ্যা ১৮,৩০৫,৬৭১ জনে পৌঁছেছে। ২০১২ সালের আদমশুমারি অনুসারে প্রায় ৯,৮৫২,৮৩৫ জন পুরুষ এই শহরে বাস করে, যার লিঙ্গ অনুপাত ১১:৯ ।
- শিক্ষার হার: ৭০.৫০ %
- সংসদীয় আসন সংখ্যা: ২০ টি।
  মহিলা আসন: ০২ টি

| সংসদীয় আসন | সাংসদের নাম | ফোন ও ই-মেইল | মন্তব্য |
|---|---|---|---|
| ঢাকা- ০১ | সালমান ফজলুর রহমান | ০১৭১১৫২২০০১<br>dhaka.1@parliament.gov.bd | |
| ঢাকা-০২ | মোঃ কামরুল ইসলাম | ০১৮১৯২২৯৬৭৯<br>dhaka.2@parliament.gov.bd | |

| | | | |
|---|---|---|---|
| ঢাকা- ০৩ | নসরুল হামিদ | ০১৭১৩০১১৩৩০<br>dhaka.3@parliament.gov.bd | প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| ঢাকা- ০৪ | সৈয়দ আবু হোসেন | ০১৮১৭৫৬৫৭৬৪<br>dhaka.4@parliament.gov.bd | |
| ঢাকা- ০৫ | কাজী মনিরুল ইসলাম | dhaka.5@parliament.gov.bd | |
| ঢাকা- ০৬ | কাজী ফিরোজ রশীদ | ০১৭১১৫২২৩৫৭<br>dhaka.6@parliament.gov.bd | |
| ঢাকা- ০৭ | হাজী মোঃ সেলিম | ০১৭১১৫৩০৭১৪<br>dhaka.7@parliament.gov.bd | |
| ঢাকা- ০৮ | রাশেদ খান মেনন | ০১৭১১৮১৮৯৭৫<br>dhaka.8@parliament.gov.bd | |
| ঢাকা- ০৯ | সাবের হোসেন চৌধুরী | ০১৭১১৫২৩৪০৩<br>dhaka.9@parliament.gov.bd | |
| ঢাকা- ১০ | মোঃ শফিউল ইসলাম | ০১৭১১৫২৮৯৮৮<br>dhaka.10@parliament.gov.bd | |
| ঢাকা- ১১ | এ. কে. এম. রহমতুল্লাহ | ০১৬১৭৫৫৫৫৫৫<br>dhaka.11@parliament.gov.bd | |
| ঢাকা- ১২ | আসাদুজ্জামান খান | ০১৭১১৫৪১৫৬৯<br>dhaka.12@parliament.gov.bd | মন্ত্রী,<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ঢাকা- ১৩ | মোঃ সাদেক খান | ০১৭২৬১০৬৪০১<br>dhaka.13@parliament.gov.bd | |
| ঢাকা- ১৪ | আগাখান মিন্টু | ০১৭১৫৫৯১১৯১<br>dhaka.14@parliament.gov.bd | |
| ঢাকা- ১৫ | কামাল আহমেদ মজুমদার | ০১৭১১৫৩১৭৭৭<br>dhaka.15@parliament.gov.bd | প্রতিমন্ত্রী,<br>শিল্প মন্ত্রণালয় |
| ঢাকা- ১৬ | মোঃ ইলিয়াস উদ্দিন মোল্লাহ্ | ০১৭১১৫৩৩৮৬৮<br>dhaka.16@parliament.gov.bd | |
| ঢাকা- ১৭ | আকবর হোসেন পাঠান (ফারুক) | ০১৭১৫১০৩৬৩৫<br>dhaka.17@parliament.gov.bd | |
| ঢাকা- ১৮ | মোহাম্মদ হাবিব হাসান | ০১৭১২৯২০৩৯০<br>dhaka.18@parliament.gov.bd | |
| ঢাকা- ১৯ | ডাঃ মোঃ এনামুর রহমান | ০১৭১১৬৩৭৯২৩<br>dhaka.19@parliament.gov.bd | |
| ঢাকা- ২০ | বেনজীর আহমেদ | ০১৭১১৬২৫৬৪৭<br>dhaka.20@parliament.gov.bd | |
| মহিলা আসন- ০১ | শিরীন আহমেদ | 01720027176<br>seat.1@parliament.gov.bd | |

| | | | |
|---|---|---|---|
| মহিলা আসন-০২ | জিন্নাতুল বাকিয়া | 01711321940<br>seat.2@parliament.gov.bd | |

- সিটি কর্পোরেশনের নাম: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- উপজেলা: ০৫ টি।

| উপজেলার নাম | চেয়ারম্যানের নাম | ফোন |
|---|---|---|
| সাভার উপজেলা | মোঃ কফিল উদ্দিন | ০১৭১৩০৪৯৫৮১ |
| দোহার উপজেলা | কামরুল হুদা | ০১৭১১৫৬৫১৬৬ |
| ধামরাই উপজেলা | মোঃ তমিজ উদ্দিন | ০১৭১১৫৬৭৮১০ |
| নবাবগঞ্জ উপজেলা | খোন্দকার আবু আশফাক | ০১৭১১৫২২৪৭৫ |
| কেরানীগঞ্জ উপজেলা | শাহিন আহমেদ | ০১৭৩০৩০০৫১৮ |

- পৌরসভা: ৩ টি
- ইউনিয়ন পরিষদ: ৭৯ টি
- আবাসন/আশ্রয়ণ প্রকল্প:
- স্কুলের সংখ্যা:
  প্রাথমিক বিদ্যালয়- ৭২৮ টি
  মাধ্যমিক বিদ্যালয়- ১২৪ টি
- কলেজের সংখ্যা:
- বিশ্ববিদ্যালয়ের সংখ্যা: ৪২ টি
- মেডিক্যাল কলেজের সংখ্যা: ৪৬ টি
- জেনারেল হাসপাতাল:১ টি

◊ইতিহাস ও ঐতিহ্যঃ

- মুক্তিযুদ্ধের স্মৃতি: রায়ের বাজার, মিরপুর , আজিমপুর।
- দর্শনীয় স্থানঃ লালবাগ কেল্লা ,আহসান মঞ্জিল, ঢাকেশ্বরী মন্দির , রোজ গার্ডেন, নন্দন পার্ক, মৈনট ঘাট, বঙ্গবন্ধু নভোথিয়েটার, জাতীয় সংসদ ভবন, শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, জাতীয় জাদুঘর , হাতিরঝিল ।
- বিশেষ উৎসব: বাংলা নববর্ষ ,একুশে বই মেলা ,পিঠা উৎসব, বসন্ত বরণ, ঘুড়ি উৎসব ।
- ক্ষুদ্র-নৃগোষ্ঠী: চাকমা ,সাওতাল , মারমা ।

মানচিত্র সংক্রান্ত নির্দেশনাঃ

- বাংলাদেশের মানচিত্রে নিজ জেলা (ছবি আকারে)




- ঢাকা বিভাগের মানচিত্রে নিজ জেলা
- নিজ জেলার মানচিত্র

